


যুগান্তর

আহসান উল্লাহ বিশ্ববিদ্যালয়

ভিসির অপসারণ দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ

প্রকাশ : ৩০ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



যুগান্তর রিপোর্ট

আহসান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. কাজী শরিফুল আলমের বিরুদ্ধে অনিয়ম-দুর্নীতির অভিযোগ তুলে তার অপসারণের দাবিতে আন্দোলন করছেন শিক্ষার্থীরা। দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন তারা। মঙ্গলবার সকাল থেকেই বিশ্ববিদ্যালয়ের সব কার্যক্রম বন্ধ করে দেন আন্দোলনরতরা। তালা খুলিয়ে দেন প্রশাসনিক ভবনসহ সব কক্ষে। ভিসির অপসারণসহ নয় দফা দাবি তাদের। শিক্ষার্থীরা বলেন, শরিফুল আলম ভিসিসহ কয়েকটি গুরুত্বপূর্ণ পদ দখল করে আছেন। নিজের ভাইসহ স্বজনদের অবৈধভাবে বিভিন্ন পদে নিয়োগ দিয়েছেন। অ্যалаমনাই গঠনে বাধা প্রদানসহ শিক্ষার্থীদের স্বাভাবিক সাংস্কৃতিক কার্যক্রমেও ভিসি বাধা দেন বলে তাদের অভিযোগ। ভিসির অনিয়মের বিরুদ্ধে কথা বলায় ১০ জন শিক্ষককে বাধ্যতামূলক অব্যাহতি দেয়ার অভিযোগও তোলা হয় তার বিরুদ্ধে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।